

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-১০

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১৫.২৬.২০৪.২৩ নথির বিষয়: মডস জোন-১০ এর আওতাধীন মানিকদি নামাপাড়া হোল্ডিং নং-২৬৪/১, বারনটেক বালুর মাঠ হোল্ডিং নং-১/সি এবং বারনটেক পাম্প কম্পাউন্ডের সামনে মেইন রোড এ ৮" গেট ভালভ এর লিকেজ মেরামত কাজের প্রাক্কলন ব্যয় অনুমোদন প্রসংগে।
নোট: ১ নোটের বিষয়: মডস জোন-১০ এর আওতাধীন মানিকদি নামাপাড়া হোল্ডিং নং-২৬৪/১, বারনটেক বালুর মাঠ হোল্ডিং নং-১/সি এবং বারনটেক পাম্প কম্পাউন্ডের সামনে মেইন রোড এ ৮" গেট ভালভ এর লিকেজ মেরামত কাজের প্রাক্কলন ব্যয় অনুমোদন প্রসংগে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২৮/৮/২৩ ২:০৫ অপরাহ্ন




উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-১০ এর আওতাধীন মানিকদি নামাপাড়া হোল্ডিং নং-২৬৪/১, বারনটেক বালুর মাঠ হোল্ডিং নং-১/সি এর মেইন রোড এ এলাকায় বসবাসকারী স্থানীয় জনগণ পানির পাইপ লাইনে লিকেজ বলে ঢাকা ওয়াসা লিংকে এবং ঢাকা ওয়াসার মডস জোন-১০ এর অভিযোগ কেন্দ্রে (Ticket Level-230824105214409 এবং Ticket Level-230823095516724) অভিযোগ করেছেন (সংযুক্ত ক্রমিক নং-১)। বর্ণিত অভিযোগের ভিত্তিতে এলাকাটি পরিদর্শন কালে দেখা যায় যে, আওতাধীন মানিকদি নামাপাড়া হোল্ডিং নং-২৬৪/১, বারনটেক বালুর মাঠ হোল্ডিং নং-১/সি এর মেইন রোড এ লিকেজ হয়ে রাস্তার উপরে প্রচুর পানি বের হচ্ছে। পানির অপচয় রোধ এবং সুষ্ঠু ভাবে পানি সরবরাহ ও ঢাকা ওয়াসার সুনাম রক্ষার্থে জরুরী ভিত্তিতে পানির লাইনের লিকেজ মেরামত করা প্রয়োজন। এছাড়া বারনটেক পাম্প কম্পাউন্ডের সামনে মেইন রোড এ ৮" ০১ (এক) টি গেট ভালভ অকেজো হওয়ায় গেট ভালভ লিকেজ হয়ে প্রচুর পানি বের হচ্ছে। এর ফলে এলাকায় পানি সংকটের সৃষ্টি হয়েছে। প্রতিনিয়ত ওয়াসা লিংক এ উল্লেখিত রোডে অবস্থিত বাড়ির বাসিন্দাদের হতে পানি না পাওয়ার অভিযোগ পাওয়া যাচ্ছে। জরুরী ভিত্তিতে বর্ণিত গেট ভালভ স্পিডল, পিনিয়ন তৈরী ও গাইড নাট মেরামত কাজটি করার লক্ষ্যে ঢাকা ওয়াসার রেন্ট সিডিউল ও বর্তমান বাজার দরে একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে (সংযুক্ত ক্রমিক নং-৩)। প্রাক্কলিত টাকার পরিমাণ টাঃ- ৪৯,৪১০/- (উনপঞ্চাশ হাজার চারশত দশ টাকা মাত্র) টাকা। কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স আলিফ এন্ড আবিদ ব্রাদার্স এর সাথে যোগাযোগ করা হলে, প্রতিষ্ঠানটি উক্ত কাজটি প্রাক্কলিত দরে করতে মৌখিক সম্মতি জ্ঞাপন করে। উল্লেখ্য উক্ত কাজের ব্যয়ভার অত্র মডস জোন-১০ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার Water Pipe Line Maintenance (01-04-001) খাতের ক্রমিক নং B (iii) হতে নির্বাহ করা যেতে পারে (সংযুক্ত ক্রমিক নং-২)।

সংযুক্তিসমূহ (৩):

- ১। ওয়াসা লিংক হতে প্রাপ্ত অভিযোগ কপি।
- ২। ২০২৩-২৪ ইং অর্থ বৎসরের বাজেট বরাদ্দের কপি।
- ৩। আলোচ্য কাজের প্রাক্কলন।



অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২৮/৮/২৩ ২:০৭ অপরাহ্ন

এমতাবস্থায়, মডস জোন-১০ এর আওতাধীন মানিকদি নামাপাড়া হোল্ডিং নং-২৬৪/১, বারনটেক বালুর মাঠ হোল্ডিং নং-১/সি এবং বারনটেক পাম্প কম্পাউন্ডের সামনে মেইন রোড এ ৮" গেট ভালভ এর লিকেজ মেরামত করণ কাজগুলো জরুরী ভিত্তিতে করার লক্ষ্যে PPR-2008 এর ৭৬(১) টি বিধি অনুযায়ী ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স আলিফ এন্ড আবিদ ব্রাদার্স এর সহিত সরাসরি চুক্তির মাধ্যমে সম্পাদন করার জন্য উপস্থাপিত টাঃ- ৪৯,৪১০/- (উনপঞ্চাশ হাজার চারশত দশ টাকা মাত্র) টাকার প্রাক্কলনটির অনুমোদন দেয়া যেতে পারে, যা প্রধান প্রকৌশলী মহোদয়ের আর্থিক ক্ষমতার আওতাধীন।

			
২৮/৮/২৩ ২:১৩ অপরাহ্ন শামছুন নাহার উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-১০	২৯/৮/২৩ ২:০৭ অপরাহ্ন মোহাম্মদ আশরাফুল হাবীব চৌধুরী নির্বাহী প্রকৌশলী মডস জোন-১০	২৯/৮/২৩ ৫:২৪ অপরাহ্ন মোঃ মিজানুর রহমান তত্ত্বাবধায়ক প্রকৌশলী মডস সার্কেল-২	২৯/৮/২৩ ৫:২৪ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৯/৮/২৩ ৬:৫৮ অপরাহ্ন

অনুমোদিত

		
২৯/৮/২৩ ৬:৫৮ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	৩১/৮/২৩ ১১:৪৬ পূর্বাহ্ন মোহাম্মদ আশরাফুল হাবীব চৌধুরী নির্বাহী প্রকৌশলী মডস জোন-১০	৩১/৮/২৩ ২:৪৯ অপরাহ্ন শামছুন নাহার উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-১০